গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
ঢাকা।

স্মারক সংখ্যা পিডি/পরি-৩(সার্কুলার)/২০০৭/১৬৭১ (৭৫) তারিখঃ-২১/৫/২০০৭ ইং :

বিষয়ঃ- কারা বন্দীর মৃত্যু সংক্রান্ত বিস্তারিত প্রতিবেদন প্রেরণ প্রসংগে।

লক্ষ্য করা যাচ্ছে যে, কারাগারে/বাহির হাসপাতালে কোন বন্দীর মৃত্যু হলে মৃত্যু সংক্রান্ত প্রেরিত বিস্তারিত প্রতিবেদনের সংগে উক্ত অসুস্থ বন্দীকে কারাগার হতে বাহির হাসপাতালে প্রেরণের জন্য শুধু কারা হাসপাতালের মেডিকেল অফিসার কর্তৃক লিপিবদ্ধকৃত মিনিটের অনুলিপি প্রেরণ করা হয় ফলে উক্ত বন্দীর মৃত্যুর পূর্বে অসুস্থতার বিভিন্ন পর্যায়ে কারা কর্তৃপক্ষ কর্তৃক কি চিকিৎসা দেওয়া হয়েছিল তা নিরূপণ করা সম্ভব হয় না।

এমতাবস্থায়, এখন হতে কারাগারে/বাহির হাসপাতালে কোন বন্দীর মৃত্যু হলে তার মৃত্যু সংক্রান্ত বিস্তারিত প্রতিবেদনের সংগে মৃত্যুর প্রমাণ পত্রসহ তাকে বাহির হাসপাতালে প্রেরণের পূর্বে/বাহির হাসপাতালে প্রেরণের সময় কারা হাসপাতালের মেডিকেল অফিসার কর্তৃক লিপিবদ্ধকৃত মিনিটের সত্যায়িত ছায়ালিপি (অনুলিপির পরিবর্তে) এবং বন্দীকে পূর্বে প্রদত্ত চিকিৎসার প্রমাণ হিসেবে বন্দীর হিস্ট্রি টিকেট (শুধু চিকিৎসা সংক্রান্ত অংশ) ও চিকিৎসা ব্যবস্থা পত্রের সত্যায়িত ছায়ালিপি এ অধিদপ্তরে প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হ'ল।

২১/০৫/০৭
(মোঃ আলতাব হোসেন)
সহকারী কারা মহা পরিদর্শক (উন্নয়ন)
পক্ষে-কারা মহা পরিদর্শক।

১। সিনিয়র তত্ত্বাবধায়ক,
সকল কেন্দ্রীয় কারাগার।

২। তত্ত্বাবধায়ক,
সকল জেলা কারাগার।

অনুলিপিঃ-
------

কারা উপ-মহা পরিদর্শক,
সকল বিভাগ, বিভাগীয় দপ্তর।

খা, আমীন,
========২*।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
কারা শাখা-২।

নং স্বঃমঃ (কারা-২)পি-০৫/২০০৯/২১৩ তারিখঃ ১৫-৪-২০০৯

বিষয় ঃ **চট্টগ্রাম কেন্দ্রীয় কারাগারের মৃত্যুদণ্ডাদেশ প্রাপ্ত কয়েদী নং ২৩১২/এ, বাপ্পী দে গত ১৬-১১-২০০৮ তারিখ দুপুর আনুমানিক ১০ ৩৮ ঘটিকায় অসুস্থ অবস্থায় কোর্ট থেকে কারাগারে ফেরত পাওয়া ও চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে মৃত্যুবরণ করার বিষয়ে তদন্ত প্রতিবেদন প্রসংগে।**

বিষয়ের প্রেক্ষিতে কোর্ট হাজতে বন্দীর আত্মীয় স্বজন কর্তৃক বাহিরের কোন খাবার যাতে বন্দীদের না দেয়া হয়, তা নিশ্চিতকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

সংযুক্তঃ বর্ণনামতে।

(রুখসানা হাসিন) ১৫/৪/০৯
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৭১৭১৭০৩

মহাপুলিশ পরিদর্শক,
বাংলাদেশ পুলিশ
পুলিশ সদর দপ্তর, ঢাকা।

অনুলিপিঃ-

১। কারা মহা পরিদর্শক
কারা অধিদপ্তর, ঢাকা।

**কারা অধিদপ্তর, ঢাকা।**

স্মারক সংখ্যা পিডি/পরি-৯(সার্কুলার)/২০০৯/১২০৭(৭২) তারিখ ঃ২০-৪-২০০৯ খ্রিঃ

অনুলিপি কাযার্থে।

১। কারা উপ-মহা পরিদর্শক,
সকল বিভাগ, বিভাগীয় দপ্তর,
ঢাকা /রাজশাহী/কুমিল্লা/যশোর।

২। সিনিয়র তত্ত্বাবধায়ক/ তত্ত্বাবধায়ক
সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।

সদয় জ্ঞতার্থে ঃ

সচিব,
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
দৃঃ আঃ যুগ্ম-সচিব (প্রশাসন)।

( মোঃ মিজানুর রহমান )
সহকারী কারা মহা পরিদর্শক (প্রশাসন)
পক্ষে- কারা মহা পরিদর্শক।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর, ৩০/৩ উমেশ দত্ত রোড
বকশি বাজার, ঢাকা-১২১১।
www.prison.gov.bd

পত্র নং- ৪৪.০৭.০০০০.০২৭.০১.০২৯.১৪-২৪৭৭(৭৫)

তারিখঃ ০৫-০৮-১৪২১ বঙ্গাব্দ
১৯-১১-২০১৪ খ্রিস্টাব্দ

**বিষয় ঃ কারা বন্দিদের মৃত্যু সংক্রান্ত তথ্য সরাসরি স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে অবহিত করন প্রসংগে।**

সূত্র ঃ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং- ৫১১/বিবিধ-৩৩/৯৪(কারা-২)অংশ-২ তারিখঃ ১৮-১০-১৯৯৪ খ্রিঃ।
কারা অধিদপ্তরের স্মারক নং- পিডি/জি এল-২০/৯৪/১৬২১(৭৬) তারিখঃ ২৭-১০-১৯৯৪ খ্রিঃ।
কারা অধিদপ্তরের স্মারক নং পিডি/জি এল-২০/৯৫/১৩৬৫(৭৮) তারিখঃ ১১-৯-১৯৯৫ খ্রিঃ।

১। সূত্রস্থ স্মারকসমূহের প্রতি দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, কারাভ্যন্তরে/বাহির হাসপাতালে যে কোন বন্দির মৃত্যু বরণ সম্পর্কিত প্রতিবেদন সরাসরি স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণের নিদের্শনা রয়েছে। এ নির্দেশনা মোতাবেক কারাভ্যন্তর /বাহির হাসপাতালে স্বাভাবিক মৃত্যু বরণ সম্পর্কিত প্রতিবেদন সরাসরি মন্ত্রণালয় প্রেরণ করা হলেও অনেক স্থানীয় কারা কর্তৃপক্ষ অস্বাভাবিক মৃত্যু যেমন আত্মহত্যা, বিদ্যুৎ স্পৃষ্ট, পানিতে ডুবা, অগ্নিদগ্ধ ইত্যাদি কারণ সম্বলিত প্রতিবেদন স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ না করে সরাসরি কারা অধিদপ্তরে প্রেরণ করছে। ইহাতে স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও কারা অধিদপ্তরের নির্দেশনা প্রতিপালন হচ্ছে না।

২। অতএব, সূত্রস্থ স্মারকসমূহের নির্দেশনা মোতাবেক কারাভ্যন্তরে/বাহির হাসপাতালে সকল ধরণের বন্দি মৃত্যু সংক্রান্ত প্রতিবেদন নিম্নলিখিত তথ্যাদি বিস্তারিত ভাবে উল্লেখ পূর্বক কারা অধিদপ্তর ও সংশ্লিষ্ট সকল সংস্থার জ্ঞাতার্থে সরাসরি স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো ঃ-

(ক) মৃত বন্দির নাম ও ঠিকানা।
(খ) মৃত বন্দির বয়স, লিঙ্গ।
(গ) মৃত্যুর স্থান।
(ঘ) যে রোগে মারা গিয়েছে তার নাম/মৃত্যুর কারণ।
(ঙ) সুরতহাল প্রতিবেদন।
(চ) ময়না তদন্ত প্রতিবেদন।
(ছ) ময়না তদন্ত না করা হলে তার কারণ।
(জ) মৃতদেহ কি করা হয়েছে।

১৭/১১/১৪
মোঃ আব্দুল জলিল
সহকারি কারা মহাপরিদর্শক (প্রশাসন)
পক্ষে- কারা মহাপরিদর্শক।
☎- ৭৩০০৪৬৬ (দপ্তর)।

সিনিয়র জেল সুপার/জেল সুপার
সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।
অবগতিঃ

কারা উপ মহাপরিদর্শক
সকল বিভাগ, সকল সদর দপ্তর।

Pory-28-14(M)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর, ঢাকা।

১৩৬০
২০/৯/৯৫

স্মারক নং পিডি/জিএল-২০/৯৫/১৩৬৫(৭৮)

তারিখ ২২ সেপ্টেম্বর'৯৫
২৭ ভাদ্র ১৪০২

প্রেরকঃ- মহা কারা পরিদর্শক,
বাংলাদেশ।

প্রাপকঃ- উপ-মহা কারা পরিদর্শক,
সকল বিভাগ, সকল কেন্দ্রীয় কারাগার,
তত্ত্বাবধায়ক,
সকল জেলা উপ ও থানা কারাগার।

বিষয়ঃ- কারা বন্দীদের মৃত্যু সংক্রান্ত তথ্য সরাসরি স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে অবহিত করন প্রসংগে।

বরাতঃ- স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং ৫১১/ বিবিধ-৩৩/৯৪(কারা -২) অংশ-২ তারিখ ১৮-১০-৯৪ এবং অত্র অধিদপ্তরের স্মারক নং পিডি/জিএল-২০/৯৪/১৬২১(৭৬) তারিখ ২৭-১০-৯৪ইং।

বন্দী মৃত্যু সংক্রান্ত প্রতিবেদন বিভিন্ন কারা কর্তৃপক্ষ কর্তৃক বিভিন্ন ভাবে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরন করা হইতেছে। কোন কোন কারা কর্তৃপক্ষ প্রয়োজনীয় তথ্যাদি Forwarding letter এ উল্লেখ করিতেছেন। আবার, কোন কারা কর্তৃপক্ষ প্রয়োজনীয় তথ্যাদি ছক আকারে বিবরনী হিসাবে প্রতিবেদনের সহিত সংযুক্ত করিয়া প্রেরন করিতেছেন। আবার, কোন কারা কর্তৃপক্ষ প্রয়োজনীয় তথ্যাদি সবগুলি উল্লেখ না করিয়া প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরন করিতেছেন। আবার, কোন কারা কর্তৃপক্ষ প্রয়োজনীয় তথ্যাদি সহ কিংবা তথ্যাদি ছাড়া প্রতিবেদন সরাসরি স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরন না করিয়া কারা অধিদপ্তরে প্রেরন করিতেছেন।

বর্ণিত সমস্যা নিরসন কল্পে এখন হইতে কারা বন্দী মৃত্যু সংক্রান্ত প্রতিবেদন সরাসরি স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরন কালে সংযুক্ত ছক মোতাবেক বিবরনী প্রস্তুত পূর্বক প্রতিবেদনের সহিত প্রেরিতব্য অপরাপর কাগজপত্রের সাথে সংযুক্ত করিয়া অত্র অধিদপ্তরের জ্ঞাতসারে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরনের জন্য অনুরোধ করা যাইতেছে। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরিতব্য বন্দীর মৃত্যু সংক্রান্ত সকল কাগজপত্রের অনুলিপি অত্র অধিদপ্তরে প্রেরনের জন্যও অনুরোধ করা যাইতেছে।

(মোঃ আবদুল জাহির) ২২/৯/৯৫
উপ-মহা কারা পরিদর্শক (সঃদঃ)
পক্ষে মহা কারা পরিদর্শক,
বাংলাদেশ।

এ, যাই/
১১ ১১৫

গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং- সিডি/জিএন-২০/৯৭/৫০৯(৭৮)

তারিখ ০৮ এপ্রিল/৯৭ ইং।
২০ চৈত্র/১৪০৩ বাং

প্রেরক : ব্রিগেডিয়ার মোঃ ওয়ালিউর রহমান চৌধুরী
কারা মহা পরিদর্শক
বাংলাদেশ, ঢাকা।

প্রাপক : ১। সিনিয়র তত্ত্বাবধায়ক,
সকল কেন্দ্রীয় কারাগার

২। তত্ত্বাবধায়ক,
সকল জেলা, উপ ও থানা কারাগার।

বিষয় : কারাবন্দীদের মৃত্যু সংক্রান্ত তথ্য সরাসরি স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে ও কারা অধিদপ্তরকে অবহিত করণ প্রসঙ্গে।

সূত্র : অত্র অধিদপ্তরের স্মারক নং- সিডি/জিএন-২০/৯৭/২১১(৭৮) তাং ২৩-২-৯৭ ইং।

বরাতোক্ত স্মারকের অনুবৃত্তিতে আপনার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাইতেছে যে, উল্লেখিত স্মারকের সহিত প্রেরিত ছকের ১০ নং কলামের পর ১১ নং কলামে "মন্তব্য" স্থলে "রোগের বিস্তারিত বিবরণ" কথাটি প্রতিস্থাপন করতঃ "মন্তব্য" ১২ নং কলামে উল্লেখ করার জন্য অনুরোধ করা হইল।

১১ নং কলামে ( রোগের বিস্তারিত বিবরণ ) নিম্নরূপ তথ্য উল্লেখ করিতে হইবে :-

কারাগারে আগমনের পর হইতে বিভিন্ন রোগে আক্রান্ত হইয়া থাকিলে তাহার বিস্তারিত বিবরণ। ইহা ছাড়া যে রোগে মারা গিয়াছেন সেই রোগের পরীক্ষা নিরীক্ষা ও চিকিৎসা ব্যবস্থা …দানের বিস্তারিত বিবরণ।

মোঃ ওয়ালিউর রহমান চৌধুরী
ব্রিগেডিয়ার
কারা মহা পরিদর্শক
বাংলাদেশ, ঢাকা।
ফোন : ৯৫ ৬৫ ৭৮ ৩ (দপ্তর)।

…লেখ/
-৪-৯৭ ইং।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
কারা শাখা-২।

পত্র সংখ্যা-৪৪.০০.০০০০.০২৪.০১.০১১.০৪-১০৪ তারিখ ঃ ০৭ শ্রাবণ ১৪২২।
২২ জুলাই ২০১৫।

বিষয় ঃ সদর হাসপাতাল/জেনারেল হাসপাতাল/মেডিকেল কলেজ হাসপাতালসমূহের ফরেনসিক বিভাগ কর্তৃক সংশ্লিষ্ট কারাগারে মৃত বন্দির ময়নাতদন্ত প্রতিবেদনের একটি করে কপি প্রেরণ।

সূত্র ঃ কারা অধিদপ্তরের পত্র সংখ্যা- ৪৪.০৭.০০০০.০২৭.০১.০২৬.১৫; তারিখঃ ২৯-০৬-২০১৫।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকে কারা অধিদপ্তর হতে প্রাপ্ত পত্রের ছায়ালিপি এতদ্‌সঙ্গে সংযুক্ত করা হলো।

০২। উল্লেখ্য, দেশের কারাগারসমূহের কোন কারা বন্দির মৃত্যু হলে মৃত্যুবরণকারী বন্দির ময়নাতদন্ত সরকারি মেডিকেল কলেজ হাসপাতাল/জেনারেল হাসপাতালসমূহে সম্পন্ন করা হয়। কারাগারে কোন বন্দি মৃত্যুবরণ করলে সংশ্লিষ্ট থানায় তার বিষয়ে একটি অপমৃত্যু মামলাও দায়ের করা হয়। কখনো কখনো এই অপমৃত্যু মামলার তদন্ত করা হয়। দীর্ঘ দিন পর তদন্তকালে মৃত বন্দির মৃত্যুর কারণের প্রমাণক ''ময়না তদন্ত প্রতিবেদন'' না থাকায় কারা কর্তৃপক্ষকে নানা রকম সমস্যার সম্মুখীন হয়। ময়নাতদন্তের প্রতিবেদন প্রাপ্তির জন্য স্থানীয় ফরেনসিক বিভাগে যোগাযোগ করা হলে উক্ত বিভাগ সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের অনুমোদন সংগ্রহের পরামর্শ প্রদান করেন। কারাগারে বন্দির মৃত্যু সংক্রান্ত অনাকাঙ্খিত সমস্যা (দীর্ঘ দিন পর তদন্তকালীন) হতে উত্তোরণের নিমিত্ত মৃত বন্দির ময়নাতদন্তের প্রতিবেদন সংশ্লিষ্ট কর্তৃপক্ষসহ কারা কর্তৃপক্ষের নিকট একটি করে কপি প্রেরণের জন্য সংশ্লিষ্ট মেডিকেল কলেজ হাসপাতাল ও সদর হাসপাতাল কর্তৃপক্ষকে নির্দেশ প্রদান আবশ্যক।

০৩। এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে (.......পাতা)।

২২.৭.১৫
(মোঃ সফিকুর রহমান)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৪৫১৪।

সচিব
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

অবগতির জন্য ঃ
কারা মহাপরিদর্শক
কারা অধিদপ্তর, ঢাকা।

কারা অধিদপ্তর, ঢাকা।

পত্র নং- ৪৪.০৭.০০০০.০২৭.০১.০২৬.১৫- ২০৬৭(৭৫) তারিখঃ ২৮-৭ -২০১৫ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

সিনিয়র জেল সুপার/জেল সুপার
সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।

অনুলিপিঃ

কারা উপ মহাপরিদর্শক
সকল বিভাগ
সকল সদর দপ্তর।

২৮/৭/১৫
মোঃ আব্দুল জলিল
সহকারি কারা মহাপরিদর্শক (প্রশাসন)
পক্ষে- কারা মহাপরিদর্শক।
☏- ৭৩০০৪৬৬ (দপ্তর)।